

সাদা ও হলুদ প্যানেলের জমজমাট প্রচারণা

## কাল রাজশাহী ভার্টিসি সিনেটের ৩৩ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন

কামরুজ্জামান কোরবান : আগামীকাল (সোমবার) রাজশাহী বিশ্ববিদ্যালয় সিনেটে ৩৩ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন। এ উপলক্ষে প্রচার-প্রচারণা এখন শুরু। এ নির্বাচনে জয়-পরাজয়ের ওপরই আসন্ন ভিসি প্যানেল নির্বাচনের ভাগ্য নির্ধারিত হবে। এজন্য প্রতিদ্বন্দ্বী দু'টি প্যানেলের জন্যই অত্যন্ত চ্যালেঞ্জ ও অস্তিত্বের প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। প্রার্থী এবং সমর্থকরা ভোটদারদের দ্বারে দ্বারে ঘুরছে। এবারের নির্বাচনে দু'টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। বাংলাদেশ জাতীয়তাবাদ ও ইসলামপন্থী শিক্ষকদের সকল গ্রুপ একত্বভাবে সাদা প্যানেলে এবং আওয়ামী বামপন্থী সরকার সমর্থক শিক্ষকেরা হলুদ প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করছেন। উভয় প্যানেলই বিজয়ের ব্যাপারে একশ' ভাগ আশাবাদী। এদিকে সবারই ধারণা, হাডডাহাড্ডি লড়াই হবে। অবস্থার দৃষ্টিকোণ হতে সবার সম্ভাবনাই ফিফটি ফিফটি। তবে তথ্যাভিজ্ঞ মহলের মতে, বর্তমান প্রশাসন, ক্ষমতায় এসে প্রায় ১২২ জন শিক্ষক নিয়োগ দিয়েছে। এদের ওপরই নির্ভর করছে বিজয়ের পাল্লা কোন দিকে গড়াবে। এদিকে নতুন নিয়োগপ্রাপ্ত অনেক শিক্ষকের সাথে আলাপ করে জানা যায়, তারা বর্তমান ভিসির কতিপয় বক্তব্য ও তার প্রশাসনিক কর্মকাণ্ডে হতাশ ও বিস্মিত। প্রশ্ন দেখা দিয়েছে প্রশাসন ও ভিসির অবস্থান নিয়ে। তারা ভগবান শ্রীকৃষ্ণের পরম বাণী অনুসরণের মাধ্যমেই পুনঃশান্তি প্রতিষ্ঠার একমাত্র উপায়।

বিশ্ববিদ্যালয়ে মন্দির নির্মাণ এবং হিন্দু ধর্মাবলম্বীদের অধিকার সুপ্রতিষ্ঠিত করার জন্য কাজ করেছেন, ভিসির এই বক্তব্যে হতবাক হয়েছেন। সাদা দলভুক্ত শিক্ষকেরা তাদের প্যানেল বক্তব্যে উল্লেখ করেছেন, বিশ্ববিদ্যালয় তথা দেশের অবনতিশীল পরিস্থিতিতে রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত সকল ক্ষেত্রে ব্যর্থ সরকারের নতজানু ও অদক্ষ রাষ্ট্রনীতির কারণে লাখো শহীদের রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখণ্ডতা আজ হুমকির সম্মুখীন। হলুদ

প্যানেলের শিক্ষকেরা মেধাসম্পন্ন বিপুলসংখ্যক শিক্ষক নিয়োগ, শিক্ষক ও শিক্ষার মান বৃদ্ধি ও গতি সঞ্চার এবং প্রশাসনিক অনিয়ম বহুলাংশে দূর করার বিষয় উল্লেখ করে বলেছে, দীর্ঘদিনের রক্তপাত, ভয়ানক সংঘর্ষ এবং নৈরাজ্যিক পরিস্থিতি হতে শান্তি ফিরিয়ে আনা হয়েছে। সাদা

প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করছেন- প্রফেসর মোখলেছুর রহমান, ড. আঃ কাদির উইয়া, ড. আলতাফ হোসেন, ড. এ কে এম আজহারুল ইসলাম, ড. আমিনুল ইসলাম, আঃ রাজ্জাক, রফিকুল ইসলাম, আমজাদ হোসেন, আব্দুল্লাহ আল হারুন প্রমুখ। হলুদ প্যানেলে ড. এফ আর খান, ড. মিজান উদ্দীন, ওবায়দুর রহমান প্রামাণিক, বিধান চন্দ্র দাস, ড. মুশফিক আহমেদ, ড. আঃ লতিফ, আনিসার উদ্দীন, ড. খলিপুর রহমান, প্রফেসর মোজাফফর হোসেন প্রমুখ।